সংগ্রাম খানের ‘কপালের লিখন’ মুক্তিপাচ্ছে আগামীকাল

ইসরাত জাহান ইমা : বিনোদন প্রতিনিধি : আজকের ঘটনা :

সংগ্রাম খানের ‘কপালের লিখন’ মুক্তিপাচ্ছে আগামীকাল জুয়েল ফারসী পরিচালিত সিনেমা ‘কপালের লিখন’। সিনেমাটির কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন চিত্রনায়ক সংগ্রাম খান। এছাড়াও এতে অভিনয় করেছেন সানজানা, অনন, মাসুম আজিজ, কিরন কুমার, রুমি, হুমায়ুন কবির, দীপু চাকমা, ফরিদা পারভিন, নূপুর, মিতা চৌধুরী, লিটন মৃধাসহ অনেকে। আগামীকাল শুক্রবার দেশের ৩৮টি প্রেক্ষাগৃহে সিনেমাটি মুক্তি পাচ্ছে। পরিচালনার পাশাপাশি প্রযোজনাও করেছেন নির্মাতা জুয়েল ফারসী। এ প্রসঙ্গে সংগ্রাম খান নিউজ বিডি ডটনেট কে বলেন, ‘‘কপালের লিখন’ সিনেমার গল্পে ভিন্নতা রয়েছে। এর কাজও ভালো হয়েছে। আশা করছি, দর্শক সিনেমাটি পছন্দ করবেন।’’ এই সিনেমায় সংগ্রাম খানকে একজন প্রতিবাদী যুবকের চরিত্রে দেখা যাবে। নিষিদ্ধ পল্লীতে জন্ম নেয়া পিতৃপরিচয়হীন এক তরুণ সংগ্রামের কাজ হচ্ছে অসহায় মানুষদের সহায়তা করা। সংগ্রাম খান ‘অন্তরে প্রেমে জ্বালা’ সিনেমার মাধ্যমে চলচ্চিত্রে পা রাখেন। এরপর তার অভিনীত ‘ভালবাসার বন্ধন’, ‘এক পায়ে নূপুর’, ও ‘গুন্ডামী’। এছাড়াও কয়েকটি সিনেমার কাজ নিয়ে ব্যস্ত সময় পার করছেন তিনি।